



DU in Media

23 November 2024

৮ অগ্রহায়ণ ১৪৩১

আলোকিত বাংলাদেশ

ঢাবিতে চালু হচ্ছে শাটল বাস সার্ভিস



● আলোকিত ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো চালু হতে যাচ্ছে শাটল বাস সার্ভিস। ক্যাম্পাসে আগামী ৩ মাসের জন্য পরীক্ষামূলকভাবে এই সার্ভিস চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চলতি মাসের শেষ সপ্তাহে এই শাটল বাস সার্ভিস উদ্বোধন করবেন। গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী শাটল বাস সার্ভিসের জন্য নির্ধারিত বাসসমূহ পরিদর্শন করেছেন। তবে এখন পর্যন্ত বাসগুলো ক্যাম্পাসে নিয়ে আসা হয়নি। আগামী সপ্তাহে তা আনা হতে পারে বলে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। জানা যায়, ৩টি নন এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের ৩টি ফ্লোটে চলাচল করবে। সম্ভাব্য ফ্লোটগুলো হলো : ১) কবি সুফিয়া

কামাল হাল-অমর একুশে হাল-শহীদুল্লাহ হাল-কার্জন হাল-মোকাররম ভবন-সাইলএনেঞ্জ ভবন-টিএসসি- কলাকবন-মলচত্বর-নীলক্ষেত মোড়। ২) নীলক্ষেত মোড়- মলচত্বর-বিজনেস ক্যাকাশি-লেকচার থিয়েটার ভবন-মধুর ক্যান্টিন-কেন্দ্রীয় লাইব্রেরি-চারুকলা-টিএসসি-পুটি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট কার্জন হাল-কবি সুফিয়া কামাল হাল। ৩) কবি সুফিয়া কামাল হাল-অমর একুশে হাল-শহীদুল্লাহ হাল-কার্জন হাল-মোকাররম ভবন-সাইলএনেঞ্জ ভবন-জগন্নাথ হাল-এসএম হাল-ফুলার রোড-মলচত্বর-নীলক্ষেত মোড়। এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, আমরা শিক্ষার্থীদের সুবিধার্থে আপাতত পরীক্ষামূলকভাবে ৩টি ফ্লোটে শাটল বাস সার্ভিস চালুর চিন্তা করছি। আমরা সম্ভাব্য ফ্লোটগুলো পরিদর্শন করেছি। সবকিছু ঠিক থাকলে এ মাসের শেষ দিকে সেটা চালু হতে পারে।

ভোরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ক্যাম্পাসে শাটল বাস সার্ভিসের জন্য নির্ধারিত বাসসমূহ পরিদর্শন শেষে অন্য কর্মকর্তাদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন

ঢাবিতে চালু হচ্ছে শাটল বাস সার্ভিস

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হচ্ছে। পরীক্ষামূলকভাবে আগামী ৩ মাসের জন্য এই সার্ভিস চালুর সিদ্ধান্ত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চলতি মাসের শেষ সপ্তাহে এই শাটল বাস সার্ভিস উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী গত বৃহস্পতিবার শাটল বাস সার্ভিসের জন্য নির্ধারিত বাসসমূহ পরিদর্শন করেছেন। উল্লেখ্য, ৩টি নন এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের ৩টি ফ্লোটে চলাচল করবে। বিজ্ঞাপ্ত